**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 24-02-2026** **Time : 1-30 P.M.**

**বিশেষ বিশেষ খবর –**

১) মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার বলেছেন, স্বচ্ছ ভোটার তালিকা যেকোনো গণতন্ত্রের মূল ভিত্তি।

২) পশ্চিমবঙ্গে SIR-এর লজিক্যাল ডিসক্রিপেন্সি বা তথ্যগত অসংগতির নথি যাচাই-এর জন্য সুপ্রিম কোর্ট এবার ঝাড়খন্ড ও ওড়িশার বিচারবিভাগীয় আধিকারিকদের কাজে লাগানোর নির্দেশ দিয়েছে।

৩) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ চার দিনের মহারাষ্ট্র ,ঝাড়খন্ড এবং রাজস্থান সফর শুরু করছেন।

৪) উপরাষ্ট্রপতি সি পি রাধা কৃষ্ণান নতুন দিল্লিতে ট্যুরিজম লিডারশিপ সামিট ২০২৬ এর উদ্বোধন করেছেন।

৫)প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল ২ দিনের সফরে ইজরায়েল যাচ্ছেন।

৬) ব্রিসবেনে মহিলাদের একদিনের ক্রিকেটের প্রথম ম্যাচে ভারত অস্ট্রেলিয়ার সামনে ২১৫ রানের লক্ষ্যমাত্রা রেখেছে।

*************************************************************************

মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার বলেছেন যে স্বচ্ছ ভোটার তালিকা যে কোনো গণতন্ত্রের ভিত্তি। আজ নতুন দিল্লিতে জাতীয় নির্বাচন কমিশন এবং রাজ্য নির্বাচন কমিশনারদের জাতীয় গোলটেবিল বৈঠকে ভাষণ দেওয়ার সময় তিনি এই মন্তব্য করেন। বিশেষ নিবিড় সংশোধন এস আই আর সম্পর্কে বলতে গিয়ে, শ্রী কুমার বলেন যে, সমস্ত যোগ্য ভোটারদের নাম ভোটার তালিকায় থাকা উচিত এবং অযোগ্যদের নাম বাদ দিতে হবে। ( বাইট- জ্ঞানেশ )

তিনি বলেন, এখন সময় এসেছে নির্বাচন কমিশন এবং রাজ্য নির্বাচন কমিশনের মধ্যে সমন্বয় সাধনের।

তিনি আরও বলেন যে, SIR বিহারে শুরু হয়েছে এবং কোনও আপিল ছাড়াই ত্রুটিহীনভাবে সম্পন্ন হয়েছে। তিনি বলেন, ভোটার তালিকা স্বচ্ছ করার পাশাপাশি, ভোটারদের জন্য এটি সহজলভ্য করে তোলাও প্রয়োজন।

*************************************************************************

পশ্চিমবঙ্গে SIR-এর লজিক্যাল ডিসক্রিপেন্সি বা তথ্যগত অসংগতির নথি যাচাই-এর জন্য সুপ্রিম কোর্ট এবার ঝাড়খন্ড ও ওড়িশার বিচারবিভাগীয় আধিকারিকদের কাজে লাগানোর নির্দেশ দিয়েছে। এর আগে নির্দেশ

অনুযায়ী জুডিশিয়াল আধিকারিক নিয়োগের বিষয়ে কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি সুজয় পাল, সর্বোচ্চ আদালতে স্টেটাস রিপোর্ট জমা দেন। তাতে জানানো হয়েছে, প্রায় ৮০ লক্ষ নথি খতিয়ে দেখার কাজ বাকি আছে। এই পরিস্থিতিতে এখনো পর্যন্ত ২৯৪ জন কর্মরত ও প্রাক্তন বিচারকদের নিয়োগ করা হয়েছে। তাঁরা প্রতিদিন আড়াইশ' জনের নথি যাচাই করলেও, সম্পূর্ণ কাজ মিটতে ৮০ দিন সময় লেগে যাবে। এর প্রেক্ষিতেই আজ জরুরী ভিত্তিতে মামলার শুনানি করা হয়। প্রধান বিচারপতি সূর্যকান্ত, বিচারপতি জয়মাল্য বাগচী ও বিচারপতি বিপুল এন পাঞ্চোলির বেঞ্চ জানিয়েছেন, কাজ দ্রুত সম্পন্ন করতে পার্শ্ববর্তী রাজ্যের বিচারক নিয়োগ করা যেতে পারে। কাজে লাগানো যাবে তিন বছরের অভিজ্ঞতা সম্পন্ন সিভিল জাজদের'ও। রাজ্যের আইনজীবি কপিল সিব্বাল এবং কল্যাণ বন্দোপাধ্যায় এই সিদ্ধান্তের বিরোধিতা করে, ভাষাগত সমস্যার দিকটি উত্থাপন করেন। সর্বোচ্চ আদালতের বেঞ্চ এই বিরোধিতার জবাবে জানিয়েছে, ঝাড়খন্ড ও ওড়িশার মতো রাজ্যগুলি ভৌগলিকভাবে এরাজ্যের পাশাপাশি অবস্থান করায়, সেখানকার কিছু অংশের লোকজন পশ্চিমবঙ্গের ভাষা বোঝে। কাদের নিয়োগ করা হবে, সে সংক্রান্ত সিদ্ধান্ত নেবেন কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি।

সুপ্রিম কোর্ট আজ আবারো জানিয়েছে, আগামী ২৮'শে ফেব্রুয়ারী'ই চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করতে হবে। বাকি থাকা কাজের নিরিখে পরবর্তী সময়ে অতিরিক্ত তালিকা প্রকাশ করতে পারবে কমিশন।

*************************************************************************

সুপ্রিম কোর্টের নির্দেশে বিচারবিভাগীয় আধিকারিকদের তদারকিতে এসআইআর-এর নথি যাচাই এবং নিষ্পত্তির কাজ শুরু হয়েছে। নথিপত্র খতিয়ে দেখছেন কলকাতা হাইকোর্ট নিযুক্ত জেলা বিচারক এবং অতিরিক্ত জেলা বিচারকরা।

বিচারকদের জন্য আলাদা লগ-ইন আই ডি তৈরি হয়েছে। এস আই আর-কে কেন্দ্র করে তৈরি জটিলতা কাটাতে গতকাল ফের কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি সুজয় পাল, নির্বাচন কমিশন ও বিচারবিভাগীয় প্রতিনিধিদের মধ্যে বৈঠক হয়। বৈঠক শেষে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানান, এস আই আর-এর কাজে নিযুক্ত বিচার বিভাগীয় আধিকারিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেওয়া হয়েছে। এখনও পর্যন্ত যতটুকু কাজ হয়েছে এবং আগামী দিনে কোন পদ্ধতিতে কাজ এগোবে সেবিষয়ে তৈরি হয়েছে নির্দিষ্ট গাইডলাইন।

হাইকোর্টের প্রধান বিচারপতি সুজয় পাল স্পষ্ট জানিয়েছেন, নির্ধারিত গাইডলাইন অনুযায়ী কাজ হবে। সুপ্রিম কোর্টের নির্দেশ মেনেই সম্পূর্ণ প্রক্রিয়া চলবে। সূত্রের খবর, এস আই আর-এর কাজের অগ্রগতির রিপোর্ট হাইকোর্টে জমা দিতে হবে বলেও বৈঠকে স্হির হয়েছে। বিচারবিভাগীয় আধিকারিকরা কিভাবে নথি পরীক্ষা করবেন, সিদ্ধান্ত নেবেন, আবেদন গ্রহণ বা বাতিল হলে তার কারণ কিভাবে জানাবেন– সেই বিষয়টিও ব্যাখ্যা করা হয় বৈঠকে।

*************************************************************************

রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতি এবং আইন-শৃঙ্খলা পরিস্থিতি পর্যালোচনায় মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ আগরওয়াল গতকাল রাজ্য পুলিশের শীর্ষ আধিকারিক, সি আর পি এফ-এর আইজী প্রমুখের সঙ্গে বৈঠক করেন।

মার্চ মাসের শুরুতেই কেন্দ্রীয় বাহিনী রাজ্যে পৌঁছনোর পর কিভাবে তাদের কাজে লাগানো হবে, তা নিয়েই মূলত বৈঠকে আলোচনা হয়েছে। বৈঠকে, কমিশনের তরফে স্পষ্ট ভাবে জানিয়ে দেওয়া হয়েছে , কেন্দ্রীয় বাহিনী এলেই সরাসরি তাদের কাজে নামাতে হবে। বাহিনীর গতিবিধির উপর পর্যবেক্ষকেরা নিরন্তর নজর রাখবেন। পাশাপাশি তথ্যগত অসঙ্গতি সংক্রান্ত কাজে নিযুক্ত বিচারকদের নিরাপত্তা নিশ্চিত করার দায়িত্ব রাজ্য প্রশাসন নেবে বলেও বৈঠকে স্থির হয়েছে। বুথ বিন্যাসের দিকটিও আলোচনায় উঠে এসেছে বলে খবর।

বৈঠকে উপস্থিত ছিলেন রাজ্যের অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক ও যুগ্ম মুখ্য নির্বাচনী আধিকারিক, রাজ্য পুলিশের মহা-নির্দেশক পীযূষ পান্ডে, আইন-শৃঙ্খলা বিভাগের ডিজি বিনীত গোয়েল, কলকাতার পুলিশ কমিশনার সুপ্রতিম সরকার এবং কেন্দ্রীয় রিজার্ভ পুলিশ বাহিনীর আইজি-সহ অন্য আধিকারিকেরা।

উল্লেখ্য, আগামী পয়লা ও ১০-ই মার্চ দু-দফায় রাজ্যে মোট ৪৮০ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী আসবে।

*************************************************************************

আজকের প্রসঙ্গে এবারের বিষয়: সম্প্রতি হয়ে যাওয়া এই আই সামিট এবং ভারতের সম্ভাবনা। কৃত্রিম বুদ্ধিমত্তা বিশেষজ্ঞ সৌম্য শুভ্র রায়ের সঙ্গে কথা বলেছেন কাশফিন নাহার। আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত ৮টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

*************************************************************************

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু চার দিনের সফরে আজ মহারাষ্ট্র ,ঝাড়খন্ড ও রাজস্থান যাচ্ছেন। রাষ্ট্রপতি আজ মুম্বাই এর লোকভবনে পিডি হিন্দুজা হাসপাতালে Saving Lives & Building a Healthier Bharat নামে এক জাতীয় প্রচারাভিযানের সূচনা করবেন।

আগামীকাল রাষ্ট্রপতি ,বুলধানার শেগাঁওয়ে কেন্দ্রীয় আয়ুষ মন্ত্রক আয়োজিত জাতীয় আরোগ্য মেলা ২০২৬ এর উদ্বোধন করবেন।এর পাশাপাশি শ্রী মুর্মু নাগপুরে ব্রহ্মকুমারী আয়োজিত রাজ্য স্তরের অনুষ্ঠান -ঐক্য ও বিশ্বাসের মধ্যে দিয়ে মহারাষ্ট্রের স্বর্ণ যুগের উদ্বোধন করবেন।

রাষ্ট্রপতি আগামী বৃহস্পতিবার জামশেদপুরে জগন্নাথ মন্দিরের ভূমি পুজো অনুষ্ঠানে যোগ দেবেন। এর আয়োজন করেছে Shri Jagannath Spritual & Cultural Charitable Centre Trust, জামশেদপুর। জামশেদপুরের মণিপাল, টাটা মেডিকেল কলেজ পরিদর্শনের সময় তিনি সেখানকার ছাত্রছাত্রীদের সঙ্গে

আলাপচারিতায় যোগ দেবেন। আগামী শুক্রবার রাষ্ট্রপতি মুর্মু রাজস্থানের পোখরানে একটি অনুষ্ঠানে অংশ নেবেন।

**********************************************************************

উপরাষ্ট্রপতি সিপি রাধাকৃষ্ণণ আজ নতুন দিল্লিতে ভরত- মার্কিন কৌশলগত অংশীদারিত্ব ফোরাম ইউ এস আই এস পি এফ আয়োজিত পর্যটন বিষয়ক শীর্ষ সম্মেলন-২০২৬ উদ্বোধন করেন। সমাবেশে ভাষণ দিতে গিয়ে শ্রী রাধাকৃষ্ণণ বলেন, পর্যটনকে কেবল একটি শিল্পের দৃষ্টিতে দেখা উচিত নয়, এটি দেশীয় সংস্কৃতি এবং অর্থনৈতিক সুযোগের চালিকাশক্তির মধ্যে একটি সেতু বন্ধন। তিনি বলেন, পর্যটন হল সফট ডিপ্লোম্যাশির একটি শক্তিশালী হাতিয়ার এবং ভারত ও মার্কিন অর্থনৈতিক করিডোরের একটি মূল স্তম্ভ। উপরাষ্ট্রপতি উল্লেখ করেন যে ভ্রমণকারীরা সবসময় অভিজ্ঞতা, সত্যতা, স্থায়িত্ব, সংস্কৃতি, ঐতিহ্য, সুস্থতা এবং অর্থপূর্ণ সংযোগ খোঁজেন।

শ্রী রাধাকৃষ্ণণ বলেন, পর্যটন হল বৃহত্তম কর্মসংস্থান সৃষ্টিকারী ক্ষেত্রগুলির মধ্যে একটি। পর্যটন খাতের অন্তর্ভুক্তিমূলক এবং টেকসই প্রবৃদ্ধি নিশ্চিত করতে তিনি দক্ষতা, উদ্যোক্তা এবং নারী-নেতৃত্বাধীন উদ্যোগে বিনিয়োগের উপর জোর দেন।

**********************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল দুদিনের সফরে ইজরায়েল যাচ্ছেন। তেল আভিভে শ্রী মোদী, ইজরায়েলের প্রধানমন্ত্রী বেনজামিন নেতানিয়াহুর সঙ্গে বৈঠক করবেন। জেরুজালেমেও একাধিক কর্মসূচিতে অংশ নেবেন তিনি।

ইজরায়েলে নিযুক্ত ভারতের রাষ্ট্রদূত জে পি সিং, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির এই সফরকে ঐতিহাসিক বলে উল্লেখ করেছেন। জেরুজালেমে আকাশবাণীকে তিনি জানান, ইজরায়েলের রাষ্ট্রপতি আইজ্যাক হার্জোগের সঙ্গে সাক্ষাৎ করবেন প্রধানমন্ত্রী। ভাষণ দেবেন ইজরায়েলের সংসদ নেসেটে। ২০১৭ সালে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ইজরায়েল সফরের সময় দু'দেশের দ্বিপাক্ষিক সম্পর্ক শক্তিশালী করার কাজ শুরু হয়। সফরকালে উভয় পক্ষের মধ্যে বেশ কয়েকটি চুক্তি স্বাক্ষরিত হওয়ার কথা।

**********************************************************************

কানাডার প্রধানমন্ত্রী মার্ক কারনি আগামী ২৬ শে ফেব্রুয়ারি ভারত সফরে আসছেন। দুদেশের মধ্যে সম্পর্ককে আবার গড়ে তুলতে তার এই সফর।।পূর্বতন প্রশাসনের আমলে দুদেশের মধ্যে সম্পর্ক মসৃণ না থাকায় বেশ কিছু সমঝোতা বাস্তবায়িত না হওয়ার পর কানাডীয় নেতার এই প্রথম এদেশে সরকারি সফর।কানাডার প্রধানমন্ত্রী র দপ্তর থেকে এক বিবৃতিতে জানানো হয়েছে নতুন দিল্লিতে আসার আগে কানাডার প্রধানমন্ত্রী যাত্রা শুরু করবেন মুম্বাই থেকে।সেখানে বাণিজ্য নেতৃত্বের সঙ্গে তার বৈঠকের কথা।এর পর আগামী ২ রা মার্চ তিনি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে উচ্চ পর্যায়ের বৈঠকে মিলিত হবেন।

**********************************************************************

বিদেশমন্ত্রী ডক্টর এস জয়শঙ্কর আজ এস্তোনিয়ার বিদেশমন্ত্রী মার্গাস সাহখনা এবং সেখানকার অধিবাসীদের এস্তোনিয়ার স্বাধীনতা দিবসে শুভেচ্ছা জানিয়েছেন। এক সোশ্যাল মিডিয়া পোস্টে ডঃ জয়শঙ্কর, দু দেশের মধ্যে বন্ধুত্বের সম্পর্ক আরো মজবুত করার বিষয়ে আবারো আশ্বস্ত করেছেন।

*******************************************************************

বাণিজ্য ও শিল্প মন্ত্রী পীযুষ গয়াল গতকাল কানাডার আন্তর্জাতিক বাণিজ্য মন্ত্রী মানিন্দর সিং সিধুর সঙ্গে বৈঠক করেন।বৈঠকে সর্বাত্মক অর্থনৈতিক সমঝোতা নিয়ে আলোচনা হয়েছে।এক সোশ্যাল মিডিয়া পোস্টে শ্রী গোয়েল বলেছেন,আলোচনায় উভয় পক্ষ আগামী দিনে প্রতিনিধি পর্যায়ের বৈঠকে বাণিজ্য চুক্তি গুলি আরও মজবুত করার বিষয়ে মত বিনিয়োগ করবেন।এর ফলে অর্থনৈতিক অংশিদারিত্ব গতি পাবে বলে শ্রী গোয়েল মন্তব্য করেছেন।

*******************************************************************

বিদেশমন্ত্রী ডক্টর এস জয়শঙ্কর আজ এস্তোনিয়ার বিদেশমন্ত্রী মার্গাস সাহখনা এবং সেখানকার অধিবাসীদের এস্তোনিয়ার স্বাধীনতা দিবসে শুভেচ্ছা জানিয়েছেন। এক সোশ্যাল মিডিয়া পোস্টে ডঃ জয়শঙ্কর, দু দেশের মধ্যে বন্ধুত্বের সম্পর্ক আরো মজবুত করার বিষয়ে আবারো আশ্বস্ত করেছেন।

*******************************************************************

স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ তামিলনাড়ুর প্রাক্তন মুখ্যমন্ত্রী জে. জয়ললিতার জন্মবার্ষিকীতে তাঁর প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেছেন। সোশ্যাল মিডিয়ায় একটি পোস্টে শ্রী শাহ বলেছেন দরিদ্র কল্যাণ এবং নারী-ক্ষমতায়নের ক্ষেত্রে শ্রীমতি জয়ললিতা তাঁর দায়বদ্ধতার মাধ্যমে তামিলনাড়ুর উন্নয়নের রূপান্তর ঘটিয়েছিলেন।পাশাপাশি প্রশাসনকে সমাজের প্রান্তিক স্তরে পৌঁছে দিতে তিনি সচেষ্ট ছিলেন।জনসেবার প্রতি তাঁর নিষ্ঠা সর্বদা অনুপ্রেরণা হয়ে থাকবে।

*******************************************************************

জম্মু-কাশ্মীরের বেশিরভাগ এলাকায় সর্বোচ্চ তাপমাত্রা স্বাভাবিকের ১০ থেকে ১১ ডিগ্রি সেলসিয়াস ওপরে রেকর্ড করা হয়েছে।এ মাসের শেষ পর্যন্ত সেখানে শুষ্ক আবহাওয়া বজায় থাকবে বলেও আবহাওয়া দপ্তর জানিয়েছে। কেন্দ্রশাসিত এই অঞ্চলের গ্রীষ্মকালীন রাজধানী শ্রীনগরে সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২১ ডিগ্রি সেলসিয়াস, যা এ সময়ের স্বাভাবিক তাপমাত্রার থেকে ১০ ডিগ্রি বেশি। জম্মু অঞ্চলে সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৫ ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের ২ দশমিক ৭ ডিগ্রি ওপরে। ফেব্রুয়ারি মাসের শেষ পর্যন্ত সমগ্র উপত্যকায় কোন বৃষ্টি বা তুষারপাতের সম্ভাবনা নেই বলেও আবহাওয়া দপ্তর জানিয়েছে।

এদিকে, নেপালের কৌশি, বাগমতী এবং গণ্ডকী প্রদেশে আজ আবহাওয়া প্রধানত মেঘলা থাকবে তবে, এই সমস্ত প্রদেশের কিছু পাহাড়ি এলাকায় হালকা বৃষ্টি এবং তুষারপাতের সম্ভাবনা রয়েছে বলে, আবহাওয়া দপ্তর জানিয়েছে। এছাড়াও লুম্বিনী কারনালী এবং সুদূর পশ্চিম প্রদেশগুলির উঁচু ও পার্বত্য এলাকাতেও বৃষ্টি ও তুষারপাতের সম্ভাবনা। তরাই অঞ্চলে কুয়াশাচ্ছন্ন পরিস্থিতি থাকবে বলেও পূর্বাভাস।

*************************************************************************

ব্রিসবেনের আলেনবর্ডার ফিল্ডে মহিলাদের ক্রিকেটে ৩ ম্যাচের একদিনের সিরিজের প্রথম ম্যাচে ভারত আজ অস্ট্রেলিয়ার সামনে জেতার জন্য ২১৫ রানের লক্ষ্যমাত্রা রেখেছে।

টসে জিতে প্রথমে ব্যাট করতে নেমে ৪৮ ওভার ৩ বলে ভারতের ২১৪ রানে সব কোটি উইকেট পড়ে যায়। এরপর খেলতে নেমে অস্ট্রেলিয়া শেষ পাওয়া খবরে, ৫ ওভার ৩ বলে ৩২ রান করে।

সিরিজের দ্বিতীয় ম্যাচ ২৭ ফেব্রুয়ারি ও তৃতীয় ম্যাচ পয়লা মার্চ হোবার্টের বেলেরিভে ওভালে অনুষ্ঠিত হবে।

*************************************************************************